68

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 1 4. 1999 ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৫ ......

# গত ৭ বছরে রাজশাহীতে শিক্ষিতের হার শতকরা ৩৭ ভাগ বেড়েছে

**–সিটি মেয়র মিনু**

**রাজশাহী অফিস ঃ** রাজশাহী সিটি মেয়র মিজানুর রহমান মিনু বলেছেন, শিক্ষা মহানগরী রাজশাহীতে বর্তমানে ৭৮ ভ্গ মানুষ শিক্ষিত। তিনি দায়িত্ব নেয়ার আগে এখানে শিক্ষিতের হার ছিল ৪১ শতাংশ। মেয়র মঙ্গলবার রাজশাহী জেলা পরিষদ মিলনায়তনে 'সন্দীপন' আয়োজিত সমাপনী পুরস্কার ও সনদপত্র বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় গত ৭ বছরে নগরীতে শিক্ষিতের হার ৩৭ ভাগ বৃদ্ধি পেয়েছে।